বাংলাদেশ কম্পিউটার সমিতি
BANGLADESH COMPUTER SAMITY
The ICT Industry Association of Bangladesh

তারিখ: ১০ এপ্রিল ২০২৩

বিষয়: 'এমআরপি নীতিমালা ২০২২' অনুযায়ী পণ্যের গায়ে এমআরপি ট্যাগ স্থাপনের অনুরোধ ।

সম্মানিত সদস্যবৃন্দ/অনুমোদিত উৎপাদনকারী, পরিবেশক প্রতিষ্ঠানের প্রতিনিধিবৃন্দ,

২০২২-২০২৪ মেয়াদকালের কার্যনির্বাহী কমিটি ০১ এপ্রিল ২০২২ তারিখে দায়িত্ব গ্রহণের পর ২০১৮ সালে প্রণীত এমআরপি নীতিমালাকে হালনাগাদ করার উদ্যোগ গ্রহণ করে। নীতিমালা হালাগাদ করার লক্ষ্যে মতামত গ্রহণের জন্য সমিতির সদস্যদের সাথে কার্যনির্বাহী, এমআরপি ও অনলাইন নীতিমালা স্ট্যান্ডিং কমিটির একটি সভা ২৩ জুলাই ২০২২ তারিখে বিসিএস কার্যালয়ে অনুষ্ঠিত হয়। সদস্যদের মতামত এর উপর ভিত্তি করে এমআরপি ও অনলাইন নীতিমালা স্ট্যান্ডিং কমিটি উক্ত নীতিমালাটি হালনাগাদ করার লক্ষ্যে কিছু প্রস্তাবনাসহ একটি খসড়া এমআরপি নীতিমালা কার্যনির্বাহী কমিটিকে প্রদান করে। খসড়া নীতিমালা এর উপর মতামত গ্রহণের উদ্দেশ্যে ০৩ অক্টোবর এবং ০১ নভেম্বর ২০২২ তারিখে তথ্যপ্রযুক্তি পণ্য আমদানিকারক, পরিবেশক, খুচরা ব্যবসায়ীদের সাথে ০২টি সভা অনুষ্ঠিত হয়। ২৮ সেপ্টেম্বর ২০২২ তারিখে খসড়া এমআরপি নীতিমালা'র উপর সদস্যদের মতামত গ্রহণের জন্য ইমেইল প্রেরণ করা হয়।

২৪ অক্টোবর ২০২২ তারিখে ভোক্তা অধিকার অধিদপ্তরের মহাপরিচালক জনাব এ এইচ এম শফিকুজ্জামানের সাথে বিসিএস সভাপতি ইঞ্জি. সুব্রত সরকার এর নেতৃত্বে একটি প্রতিনিধিদল সাক্ষাত করে বিসিএস প্রণীত এমআরপি নীতিমালা এর খসড়া কপি হস্তান্তর করেন। আলোচনাকালে সভাপতি এমআরপি নীতিমালা বাস্তবায়নে সময় প্রার্থনা করেন এবং তথ্যপ্রযুক্তি পণ্যের বাজার তদারকের জন্য ভোক্তা অধিকার অধিদপ্তরের অভিযান পরিচালনা না করার অনুরোধ করেন।

দেশের তথ্য প্রযুক্তি ব্যবসায়ে সামগ্রিকভাবে স্থিতিশীলতা ও সুস্থতা ফিরিয়ে আনার লক্ষ্যে ২০২২ সালের ডিসেম্বর পর্যন্ত অনুষ্ঠিত কার্যনির্বাহী কমিটির ৭টি সভায় এমআরপি নীতিমালা হালনাগাদ করার বিভিন্ন বিষয়াদি নিয়ে আলোচনা হয়। সকল মতামত পর্যালোচনা করে ১৬ নভেম্বর ২০২২ তারিখের সভায় কার্যনির্বাহী কমিটির সভায় এমআরপি নীতিমালা ২০২২ অনুমোদিত হয়।

গত ১৯ ডিসেম্বর ২০২২ তারিখে বিসিএস এর ৩১তম বার্ষিক সাধারণ সভায় কম্পিউটার এবং কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রাংশ/পণ্য ব্যবসায় উৎপাদনকারী, আমদানীকারক ও খুচরা বিক্রেতাদের স্বার্থ সংরক্ষণ এবং ব্যবসায়িক উন্নয়নের লক্ষ্যে 'এমআরপি নীতিমালা' বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। সেমোতাবেক, কার্যনির্বাহী কমিটি ০১ ফেব্রুয়ারি ২০২৩ তারিখ থেকে 'এমআরপি নীতিমালা ২০২২' বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করে এবং ৩১ জানুয়ারি ২০২২ তারিখে ইমেইলের মাধমে সদস্যদের অবহিত করা হয়। পরবর্তী সময়ে ইমেইল এবং বিভিন্ন সভা-সেমিনারেও এমারপি বাস্তবায়নের জন্য সদস্যদের অনুরোধ করা হয়।

০১ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে বিসিএস কার্যালয়ে কার্যনির্বাহী কমিটি এবং অনুমোদিত উৎপাদনকারী, পরিবেশক প্রতিষ্ঠানের প্রতিনিধিদের মধ্যে 'এমআরপি নীতিমালা ২০২২' বাস্তবায়ন সংক্রান্ত এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। অনুমোদিত উৎপাদনকারী, পরিবেশক প্রতিষ্ঠানের প্রতিনিধিগণ পণ্যের গায়ে এমআরপি ট্যাগ লাগানোর অগগ্রতি সম্পর্কে কার্যনির্বাহী কমিটিকে অবহিত করেন এবং 'এমআরপি নীতিমালা ২০২২' বাস্তবায়নের প্রস্তুতি গ্রহণের জন্য আরও ১০ দিন সময় বৃদ্ধির অনুরোধ করেন। সেমোতাবেক ১০ ফেব্রুয়ারি ২০২৩ তারিখ থেকে 'এমআরপি নীতিমালা ২০২২' বাস্তবায়ন হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

২২ ফেব্রুয়ারি ২০২৩ তারিখের কার্যনির্বাহী কমিটির সভায় এমআরপি বাস্তবায়নে পরিচালকদের অগ্রণী ভূমিকা পালনের সিদ্ধান্ত হয়। তথ্যপ্রযুক্তি পণ্যের গায়ে এমআরপি ট্যাগ লাগিয়ে তথ্যপ্রযুক্তি পণ্যের পরিবেশকদের এ কার্যক্রমে অনুপ্রাণিত করার জন্য পরিচালকগণ একমত পোষণ করেছিলেন।

কয়েকটি তথ্য প্রযুক্তি পণ্যের পরিবেশক বিসিএস প্রবর্তিত ‘এমআরপি নীতিমালা ২০২২’ অনুযায়ী বর্তমানে পণ্য বিক্রয়ের উদ্যোগ গ্রহণ করছেন এবং লিখিতভাবে বিসিএস’কে এ বিষয়টি নিশ্চিত করেছেন।

যে সকল পণ্যের পরিবেশক/আমদানিকারক তাদের সকল কম্পিউটার পণ্যের গায়ে এমআরপি ট্যাগ স্থাপন সম্পন্ন করেননি বা আংশিক সম্পন্ন করেছেন তাদেরকে অতিসত্বর তা সম্পাদন করার জন্য বিসিএস এর পক্ষ থেকে বারবার অনুরোধ করা হচ্ছে এবং তা অব্যাহত থাকবে।

ভোক্তা অধিকার অধিদপ্তর সময় সময় বিভিন্ন প্রতিষ্ঠান/বাজার মনিটরিং এর জন্য অভিযান পরিচালনা করে থাকে। ভোক্তা অধিকার অধিদপ্তর তথ্যপ্রযুক্তি পণ্যের বাজার তদারকের জন্যও উদ্যোগ গ্রহণ করতে পারে। এমআরপি ট্যাগ ছাড়া কোন পণ্যের জন্য ভোক্তা অধিকার অধিদপ্তর কোন ব্যবস্থা গ্রহণ করলে বিসিএস এর পক্ষ থেকে কোন প্রকার সহযোগিতা করা সম্ভব হবে না। তাই এমআরপি ট্যাগ লাগিয়ে পণ্য সরবরাহ করার জন্য পরিবেশক/আমদানিকারদের এবং এমআরপি ট্যাগসহ পণ্য বিক্রয় করার জন্য খুচরা ব্যবসায়ীদের অনুরোধ করা হলো।

বর্ণিতাবস্থায়, ‘এমআরপি নীতিমালা ২০২২’ বাস্তবায়নে আপনার সার্বিক সহযোগিতা একান্তভাবে কাম্য।

ধন্যবাদান্তে,

কামরুজ্জামান ভুইয়া
মহাসচিব, বিসিএস

মো: রাশেদ আলী ভুইয়া
সহ-সভাপতি, বিসিএস এবং
সদস্য-সচিব, এমআরপি ও অনলাইন নীতিমালা স্ট্যান্ডিং কমিটি